

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪০৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - ফর্য সালাত আদায়ের পর মসজিদে প্রবেশ করলে তার বিধান

আরবী

وَعَنْ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ _ رضي الله عنه: أَنَّهُ صلَلَى مَعَ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ إِذَا هُو وسلم _ صَلَاةَ الصَّبْحِ, فَلَمَّا صَلَّى رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ إِذَا هُو بِرِجُلَيْنِ لَمْ يُصَلِّيَا, فَدَعَا بِهِمَا, فَجِيءَ بِهِمَا تَرْعَدُ فَرَائِصِهُمَا, فَقَالَ لَهُمَا: «مَا مَنَعَكُمَا أَنْ تُصلِّيا مَعَنَا?» قَالَا: قَدْ صَلَّيْنَا فِي رِحَالِنَا. قَالَ: «فَلَا تَفْعَلَا, إِذَا صَلَّيْتُمَا فِي رِحَالِكُمْ, ثُمَّ أَدْرَكْتُمْ الْإِمَامَ وَلَمْ يُصلِّ, فَصلِّيا مَعَهُ, فَإِنَّهَا لَكُمْ نَافِلَةٌ». رَوَاهُ أَحْمَدُ, وَاللَّفْظُ لَهُ, وَالثَّلْاَتَةُ, وَصَحَحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ حِبَّانَ

صحيح. رواه أحمد (4/ 160 و 161)، والنسائي (2/ 112)، وأبو داود (575) و صحيح. رواه أحمد (4/ 160 و 160)، والبن حبان (564 و 1565) وقال الترمذي: «حسن صحيح». الفرائض: جمع فريضة، وهي اللحمة التي بين الجنب والكتف تهتز عند الفزع والخوف. وقوله: «فلا تفعلا» قال ابن حبان: لفظة زجر مرادها ابتداء أمر مستأنف

বাংলা

808. ইয়াযিদ বিন আসওয়াদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে (মিনার খায়েফ নামক মসজিদে) ফজরের সালাত আদায় করেছিলেন যখন তিনি সালাত সমাধান করলেন তখন দেখলেন যে, দু'টি লোক (জামা'আতে) সালাত আদায় করে নাই। তাদেরকে তিনি ডাকলেন। ফলে ঐ দু'জনকে



যখন তাঁর নিকটে নিয়ে আসা হল তাদের বাহুদ্বয়ের মাংসপেশী (ভয়ে) কাঁপছিল। তারপর তাদের তিনি বললেন, আমাদের সঙ্গে জামা'আতে সালাত পড়তে কিসে বাধা দিল? তারা বলল আমরা আমাদের বাড়ীতে সালাত সমাধান করেছিলাম। তিনি তাদের বললেন, এরূপ করবে না। যখন তোমরা বাড়িতে সালাত আদায় করার পর ইমামকে সালাত সমাধা করার পূর্বেই পাবে তখন তোমরা তার সঙ্গেও সালাত আদায় করবে। এ সালাত তোমার জন্য নফল বলে গণ্য হবে —"আহমাদ", শব্দ বিন্যাস তারই, -আর তিন জনে। তিরমিয়ী ও ইবনু হিবরান সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] তিরমিয়ী ২১৯, আবূ দাউদ ৫৭৫, আহমাদ ১৭০২০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াযিদ বিন আসওয়াদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন